তারিখ 03 APR 2016
পৃষ্ঠা ৪ কলাম ৫

সংবাদ

# বিএসএমএমইউতে নিউরো সার্জারির বিশেষায়িত চিকিৎসাসেবা চালু

নিজস্ব বার্তা পরিবেশক

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) নিউরো সার্জারি বিভাগের বৈকালিক বিশেষায়িত (বিশেষজ্ঞ চিকিৎসাসেবা) সেবা চালু হয়েছে। সংশ্লিষ্ট রোগীরা এখন থেকে টিকিট কেটে বিকেল ৩টা থেকে ৬টা পর্যন্ত বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শ নিতে পারবেন।

গতকাল দুপুরে এ বিশেষায়িত বিশেষজ্ঞ চিকিৎসাসেবার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এ সময় আরও উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. মো. রুহুল আমিন মিয়া, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মো. আলী আসগর মোড়ল, সার্জারি অনুষদের ডিন অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মো. হাবিবুর রহমান দুলাল, ইন্টারন্যাল মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মো. আবদুর রহিম, অর্থোপেডিক সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. নকুল কুমার দত্ত, পরিচালক (হাসপাতাল) বিগ্রেডিয়ার জেনারেল (অব.) মো. আব্দুল মজিদ ভূঁইয়া প্রমুখ।

প্রসঙ্গত, রোগীদের সুবিধার্থে ২০১১ সালে বিএসএমএমইউ-তে বৈকালিক বিশেষায়িত (বিশেষজ্ঞ) বর্হিবিভাগ (আউটডোর) চিকিৎসাসেবাটি চালু হয়। এ পর্যন্ত উইং ব্যতীত পূর্ণাঙ্গভাবে ২০টি বিভাগে এ সেবাটি চালু করা হয়েছে। নিউরো সার্জারি ছাড়া আরও যেসকল বিভাগ ও উইং-এ এ সেবাটি চালু রয়েছে সেগুলো হলো- শিশু, চর্ম ও যৌনব্যাধি, নাক, কান ও গলা, কার্ডিওলজি, ইন্টারন্যাল মেডিসিন, এন্ডোক্রানোলজি (ডায়াবেটিস অ্যান্ড হরমন) মেডিসিন, রিউমাটোলজি (বাতজ্বর) মেডিসিন, বক্ষব্যাধি উইং, ফিজিক্যাল অ্যান্ড রিহ্যাবিলিটেশন মেডিসিন, অবস অ্যান্ড গাইনি, চক্ষু বিজ্ঞান, গ্যাস্ট্রো এন্টারোলজি, নেফ্রোলজি (কিডনি), ইউরোলজি, নিউরো মেডিসিন, মনোরোগ বিদ্যা, হেপাটোলজি (লিভার), সার্জারি, অর্থোপেডিক সার্জারি, হেমাটোলজি, পেইন ক্লিনিক উল্লেখযোগ্য।